গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সিভিল রেজিস্ট্রেশন অধিশাখা
www.cabinet.gov.bd

**বিষয়: সিআরভিএস বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ মাহমুদুল হোসাইন খান
সচিব, সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ।

তারিখ : ২ জুলাই ২০২৪

সময় : সকাল ১০:০০ ঘটিকা

স্থান : মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষ (কক্ষ নম্বর: ১০০৫, ১০ম তলা, পরিবহন পুলভবন)।

**সভার উপস্থিতি: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রথমে সিআরভিএস বাস্তবায়ন কমিটির গঠন ও এর কার্যপরিধি সকলের সদয় অবগতির জন্য সভায় তুলে ধরেন এবং কার্যপরিধি মোতাবেক সিআরভিএস কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন। মন্ত্রিপরিষদ বিভাগ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার মধ্যে সিআরভিএস কার্যক্রমের সমন্বয়কের দায়িত্ব পালন করলেও সংশ্লিষ্ট বিভাগগুলো সিআরভিএস এর বিভিন্ন উপাদান বাস্তবায়ন করে থাকে।

০২। সভাপতি বলেন, UNESCAP কর্তৃক ২০১৪ সালে Ministerial Conference on CRVS-এ ২০১৫-২০২৪ মেয়াদকে সিআরভিএস দশক হিসাবে ঘোষণা করা হয় এবং একটি Regional Action Framework গৃহীত হয়। উক্ত ফ্রেমওয়ার্কে তিনটি অভিলক্ষ্য (goals) ও একাধিক টার্গেট গৃহীত হয়। উক্ত টার্গেটগুলোর মধ্যে অন্যতম দু'টি টার্গেট হচ্ছে ২০২৪ সালের মধ্যে জন্ম ও মৃত্যুর ১ বছরের মধ্যে যথাক্রমে জন্ম নিবন্ধনের ১০০% এবং মৃত্যু নিবন্ধনের ৫০% বাংলাদেশ কর্তৃক অর্জন করতে হবে। গত জুলাই ২০২৩ হতে মে ২০২৪ পর্যন্ত সময়ে বাংলাদেশে ৪৩% জন্ম নিবন্ধন এবং ৪৬% মৃত্যু নিবন্ধন সম্পন্ন হয়েছে। ফলে আমরা কাঙ্খিত লক্ষ্য অর্জন থেকে অনেক পিছিয়ে।

০৩। সভাপতি আরও বলেন, টার্গেট দুটি বাস্তবায়ন এবং কাঙ্খিত লক্ষ্যে পৌঁছাতে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের বিশেষ ভূমিকা রয়েছে। এ ভূমিকা পালনে কার্যালয়টিকে আরো বেশি গতিশীল হতে হবে। তিনি কমিটির সকল সদস্যকে অবহিত করেন যে, UNESCAP কর্তৃক সিআরভিএস দশকের (২০১৫-২০২৪) চূড়ান্ত মূল্যায়ন ২০২৪ সাল শেষ হওয়ার আগেই করা হবে। তাছাড়া আগামী জুন'২০২৫ সালে CRVS Ministerial Conference অনুষ্ঠিত হবে। উক্ত Conference-এ CRVS Decade-এর বাস্তবায়ন অগ্রগতি আলোচিত হবে। সুতরাং সিআরভিএস কার্যক্রম বাস্তবায়নে বিভিন্ন বিভাগ/দপ্তর/সংস্থাসমূহ আরো আন্তরিকতার সাথে কাজ করবেন মর্মে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। এ কমিটির সভা নিয়মিত আয়োজন করা এবং কমিটির গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের উপর তিনি গুরুত্ব আরোপ করেন। সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপনের জন্য উপসচিব, সিভিল রেজিস্ট্রেশন অধিশাখা-কে তিনি আহবান জানান।

০৪। উপসচিব, সিভিল রেজিস্ট্রেশন অধিশাখা সভার আলোচ্যসূচি তুলে ধরেন। অতঃপর আলোচসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচ্যসূচি/আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | **পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন:**<br>গত ১২ জুন ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার গৃহীত সিদ্ধান্ত/কার্যবিবরণী-তে কোন সংশোধন এবং পরিমার্জন না থাকায় তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | গত ১২ জুন ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো। | **মন্ত্রিপরিষদ বিভাগ** |

| | | | |
|---|---|---|---|
| ২। | **জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত সিআরভিএস দশক-এর লক্ষ্য অর্জনের অগ্রগতি পর্যালোচনা:**<br>সিআরভিএস দশক-এর লক্ষ্যমাত্রা অনুযায়ী বাংলাদেশকে ২০২৪ সালের মধ্যে জন্ম ও মৃত্যুর ১ বছরের মধ্যে যথাক্রমে জন্ম নিবন্ধনের ১০০% এবং মৃত্যু নিবন্ধনের ৫০% অর্জন করতে হবে। গত জুলাই ২০২৩ হতে মে ২০২৪ পর্যন্ত সময়ে বাংলাদেশে ৪৩% জন্ম নিবন্ধন এবং ৪৬% মৃত্যু নিবন্ধন সম্পন্ন হয়েছে। ফলে আমরা কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জন থেকে অনেক পিছিয়ে।<br><br>উক্ত লক্ষ্যমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের ভূমিকাই প্রধান। অন্যান্য বিভাগ/দপ্তর এ লক্ষ্যমাত্রা অর্জনে নিবন্ধকের কার্যালয়কে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে। উপজেলা নির্বাহী অফিসার, উপপরিচালক, স্থানীয় সরকার ও জেলা প্রশাসকগণ এ কাজে সার্বক্ষনিক মনিটরিং ও বাস্তবায়নে কাজ করছে। আগামী ডিসেম্বর ২০২৪ এর মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনে জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যালয়সহ অন্যান্য কার্যালয়কে আরও বেশি গতিশীল ও আন্তরিক হতে হবে। | সিআরভিএস দশক-এর লক্ষ্যমাত্রা জন্ম ও মৃত্যুর ১ বছরের মধ্যে যথাক্রমে জন্ম নিবন্ধন ১০০% এবং মৃত্যু নিবন্ধন ৫০% অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়সহ সহযোগী কার্যালয়কে আরও বেশি গতিশীল ও আন্তরিক হতে হবে। | ১। রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়<br><br>২। মন্ত্রিপরিষদ বিভাগ |
| ৩। | **বিবাহ ও তালাক অনলাইন নিবন্ধন কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**<br>বিবাহ ও তালাক নিবন্ধন সংক্রান্ত 'বন্ধন' সফটওয়্যারটি আইন ও বিচার বিভাগ কর্তৃক বাস্তবায়নের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সঙ্গে প্রস্তাবিত সমঝোতা স্মারকটি দ্রুত স্বাক্ষরের বিষয়ে সভায় আলোচনা হয়। সফটওয়্যারটি জন্ম-মৃত্যু নিবন্ধন ডাটাবেইজ, এনআইডি ডাটাবেইজসহ অন্যান্য ডাটাবেইজের সঙ্গে যথাযথভাবে ইন্টারঅপারেবল করার নিমিত্ত সংশ্লিষ্ট সকল কার্যালয়ের সঙ্গে একটি কর্মশালা আয়োজনপূর্বক বিবাহ ও তালাক সংক্রান্ত সফটওয়্যারটি আপডেট করার জন্য সভার সদস্যগণ মতামত তুলে ধরেন। | ১। বিবাহ ও তালাক নিবন্ধন সংক্রান্ত 'বন্ধন' সফটওয়্যারটি বাস্তবায়নের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সঙ্গে প্রস্তাবিত সমঝোতা স্মারকটি দ্রুত স্বাক্ষরের বিষয়ে আইন ও বিচার বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br><br>২। বন্ধন সফটওয়্যারটি আপডেট ও ইন্টারঅপারেবল করার লক্ষ্যে জন্ম মৃত্যু নিবন্ধন কার্যালয়, এনআইডি অনুবিভাগসহ সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণে একটি কর্মশালা আয়োজন করতে হবে। | আইন ও বিচার বিভাগ |
| ৪। | **Health -CR লিঙ্ক হতে জন্ম-মৃত্যু নিবন্ধন নোটিফিকেশন BDRIS এ প্রেরণ সংক্রান্ত আলোচনা:**<br>Health-CR লিঙ্ক স্থাপন এবং EPI-এর সময় Open-SRP-এর মাধ্যমে কমিউনিটি থেকে জন্ম ও মৃত্যু নিবন্ধনের নোটিফিকেশন BDRIS-এ প্রেরণ সংক্রান্ত প্রতিবন্ধকতা বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় রেজিস্ট্রার জেনারেল জন্ম মৃত্যু নিবন্ধন জানান, Health CR লিঙ্ক হতে পাঠানো নোটিফিকেশন অনুযায়ী জন্ম - মৃত্যু নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হচ্ছে না। কারণ Health CR হতে প্রাপ্ত নোটিফিকেশনে জন্ম-মৃত্যু নিবন্ধনের নিমিত্ত পিতা-মাতার এনআইডিসহ অন্যান্য তথ্য যথাযথভাবে পূরণ করা হয় না। স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি জানান, Health CR হতে শুধুমাত্র জন্ম-মৃত্যু সংঘটনের নোটিফিকেশন দেওয়া হয়, যেখানে সংশ্লিষ্ট | Health-CR লিঙ্ক হতে জন্ম-মৃত্যু নিবন্ধন নোটিফিকেশন BDRIS এ প্রেরণের ক্ষেত্রে যথাসম্ভব এনআইডি'র তথ্যসহ নোটিফিকেশন প্রদান করার জন্য স্বাস্থ্যসেবা বিভাগ/ স্বাস্থ্য অধিদপ্তর-কে অনুরোধ জানানো হয়। | স্বাস্থ্য সেবা বিভাগ/ স্বাস্থ্য অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| | ব্যক্তির মোবাইল নম্বর থাকে। জন্ম-মৃত্যু নিবন্ধক উক্ত মোবাইলে সংশ্লিষ্ট ব্যক্তির সঙ্গে যোগাযোগপূর্বক তথ্য সংগ্রহ করে জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রমটি সম্পন্ন করবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে জন্ম-মৃত্যু নোটিফিকেশনের ক্ষেত্রে সংশ্লিষ্ট এনআইডি প্রদানের উপর গুরুত্ব আরোপ করা হয়। | | |
| ৫। | **ইউনিক আইডি (UID) বাস্তবায়ন:**<br>সভায় জানানো হয় যে, শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়নে ইউনিক আইডি ব্যবহারের বিষয়ে পিতা-মাতার এনআইডি/জন্ম সনদ এর উপর ভিত্তি করে শিক্ষার্থীদের ইউনিক আইডি প্রদান কার্যক্রম চলমান রয়েছে। তবে এক্ষেত্রে কিছু কারিগরি জটিলতা বিদ্যমান। এ বিষয়ে আলোচনান্তে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ব্যানবেইস ও জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের টেকনিক্যাল প্রতিনিধিগণের সমন্বয়ে আলোচনাপূর্বক কারিগরি জটিলতা নিরসন করতে হবে। | শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়নে ইউনিক আইডি ব্যবহারের বিষয়ে উদ্ভুত কারিগরি জটিলতা নিরসনে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের উদ্যোগে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ব্যানবেইস ও জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের টেকনিক্যাল প্রতিনিধিগণের সমন্বয়ে আলোচনাপূর্বক কারিগরি জটিলতা দ্রুত নিরসন করতে হবে। | ১। রেজিস্ট্রার জেনারেল, জন্ম মৃত্যু নিবন্ধন কার্যালয়;<br>২। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর;<br>৩। ব্যানবেইস;<br>৪। জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ। |
| ৬। | **BDRIS এর ড্যাশবোর্ড তৈরি:**<br>সভায় জানানো হয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত BDRIS সিস্টেমের ড্যাশবোর্ড তৈরি প্রায় শেষ, টেস্টিং পর্যায়ে রয়েছে। ড্যাশবোর্ডটি চালু হলে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা ও মনিটরিং কার্যক্রমে উল্লেখযোগ্য পরিবর্তন আসবে। সভায় ড্যাশবোর্ড তৈরি দ্রুততম সময়ের মধ্যে শেষ করার উপর জোর দেওয়া হয়। | জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত BDRIS সিস্টেমের ড্যাশবোর্ড তৈরি দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় |
| ৭। | **সিআর ডাটা হতে ভাইটাল স্ট্যাটেসটিক্স প্রণয়ন:**<br>সিআর ডাটা হতে ভাইটাল স্ট্যাটিসটিক্স প্রণয়নের বিষয়ে পরিসংখ্যান ব্যুরো প্রতিনিধি জানান যে, এ বিষয়ে কার্যক্রম চলমান। জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের সঙ্গে তথ্য আদান-প্রদানের বিভিন্ন ফিল্ড/ক্ষেত্র নিয়ে আলোচনা হয়েছে। কোয়ালিটি ডাটা প্রণয়ন বিষয়ে বিবিএস এর পক্ষ হতে একটি টেকিনিক্যাল কমিটি গঠন করা হয়েছে। এক মাসের মধ্যেই এ কমিটির নিকট হতে প্রাপ্ত সুপারিশের আলোকে ব্যবস্থা গ্রহণ করা হবে। আগামী ফেব্রুয়ারি ২০২৫ মাসে জন্ম ও মৃত্যু নিবন্ধন ডাটা হতে ২০২৩ সালের ভাইটাল স্ট্যাটেসটিক্স প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি বলেন, সিআরভিএস দশক এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২৪ সালের মধ্যেই সিআরভিএস ডাটা হতে ভাইটাল স্ট্যাটিসটিক্স প্রণয়ন করতে হবে। কিন্তু এ বিষয়ে আমাদের অগ্রগতি নাই। ডিসেম্বর ২০২৪ এর পূর্বেই বিদ্যমান জন্ম মৃত্যু নিবন্ধন ডাটা হতে বিবিএস কর্তৃক ভাইটাল স্ট্যাটিসটিক্স প্রণয়ন করার আহবান জানান। | বিবিএস কর্তৃক গঠিত টেকনিক্যাল কমিটি'র সুপারিশ এর আলোকে সিআরভিএস দশকের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত ডিসেম্বর ২০২৪ এর পূর্বেই জন্ম-মৃত্যু নিবন্ধন সংক্রান্ত BDRIS সিস্টেমের ডাটা হতে ভাইটাল স্ট্যাটিসটিক্স প্রণয়ের কার্যক্রম গ্রহণ করতে হবে। | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ৮। | **সিআরভিএস সংক্রান্ত বিভিন্ন কর্মশালার সুপারিশ বাস্তবায়ন:**<br>**ক) সিআরভিএস বিষয়ক কোর কমিটি এবং এর আওতায় ওয়ার্কিং গ্রুপ গঠন:**<br>'ইউএন-এসকাপ'-এর 'সিআরভিএস সিস্টেম ইম্প্রুভমেন্ট ফ্রেমওয়ার্ক' অনুসারে সিআরভিএস পদ্ধতির উন্নয়নের | ১। প্রস্তাবিত সিআরভিএস বিষয়ক কোর কমিটি এবং এর আওতায় ওয়ার্কিং গ্রুপ গঠন করতে হবে।<br><br>২। কর্মশালা হতে প্রাপ্ত সুপারিশসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তরে প্রেরণপূর্বক | মন্ত্রিপরিষদ বিভাগ; |

| | | | |
|---|---|---|---|
| | লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ/ প্রস্তাব প্রণয়ন এবং আনুসঙ্গিক কার্যসম্পাদনের জন্য একটি 'কোর' কমিটি গঠন করা প্রয়োজন। এ বিষয়ে মার্চ ২০২৪ মাসে অনুষ্ঠিত Enhancing Civil Registration and Vital Statistics Systems in Bangladesh, বিষয়ক কর্মশালায় সুনির্দিষ্ট সুপারিশ করা হয়েছে। এই সুপারিশের আলোকে উক্ত কমিটি গঠন যুক্তিযুক্ত বলে সভায় অভিমত ব্যক্ত করা হয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব (সমন্বয়)-কে সভাপতি করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়-বিভাগ ও সংস্থার প্রতিনিধি সমন্বয়ে এই কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। স্বল্প সময়ে সভা আহবান ও আলোচনার মাধ্যমে দৈনন্দিন রুটিন কার্য সম্পাদনের মাধ্যমে এই কমিটিকে সহায়তা প্রদানের জন্য কমিটির সদস্য-সচিবকে আহবায়ক করে আইসিটি বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয় এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর প্রতিনিধি নিয়ে একটি ওয়ার্কিং গ্রুপ গঠন করা যেতে পারে।<br>খ) **চারটি কর্মশালার সুপারিশ পর্যালোচনা:** মন্ত্রিপরিষদ বিভাগের ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়-বিভাগ ও সংস্থার প্রতিনিধির অংশগ্রহণে মার্চ ও মে ২০২৪ মাসে ইন্টারকন্টিনেন্টাল ও সোনারগাঁও হোটেলে নিম্নোক্ত ৪টি কর্মশালা অনুষ্ঠিত হয়:<br>A. Workshop on Enhancing Civil Registration and Vital Statistics Systems in Bangladesh;<br>B. Workshop on Establishing Civil Registration based Vital Statistics System in Bangladesh;<br>C. Workshop on Establishing a Cause of Death System in Bangladesh;<br>D. Verbal Autopsy Data Analysis Workshop.<br><br>কর্মশালাসমূহে সিআরভিএস-আইডি আর্কিটেকচার, নাগরিক নিবন্ধনের ডাটা থেকে ভাইটাল স্ট্যাটিসটিক্স প্রণয়ন, মৃত্যুর কারণ সম্পর্কিত পরিসংখ্যান ব্যবস্থাপনা এবং বাচনিক ময়না তদন্ত বিষয়ক গুরুত্বপূর্ণ সুপারিশ করা হয়েছে। সভায় কর্মশালার সুপারিশসমূহ পর্যালোচনা করা হয় এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়-বিভাগ ও সংস্থা সুপারিশসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সুপারিশসমূহ বাস্তবায়নের জন্য অনুরোধ করতে হবে। | |
| ৯। | **Technical Support for CRVS System Improvement in Bangladesh (Phase-V) শীর্ষক প্রকল্পের কার্যক্রম:** | Technical Support for CRVS System Improvement in | মন্ত্রিপরিষদ বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| | সভায় জানানো হয় যে, প্রকল্পটি ইতোমধ্যে অনুমোদিত হয়েছে এবং গত ১৫ মে ২০২৪ তারিখে প্রকল্পের প্রশাসনিক আদেশ জারি হয়েছে। প্রকল্পের প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালক ও অন্যান্য জনবল নিয়োগ করা হয়েছে। একটি কার্যকরী কর্ম-পরিকল্পনা প্রণয়নপূর্বক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নে উদ্যোগ গ্রহণ করা হয়েছে।<br><br>সভাপতি মহোদয় বলেন আমাদের দেশে সিআরভিএস কার্যক্রম অনেকদিন আগে শুরু হয়েছে। এখানে আর পিছিয়ে থাকার সুযোগ নাই। তাই যেখানে যতটুকু ঘাটতি রয়েছে তা পূরণে তিনি সকলকে অনুরোধ জানান। তিনি বলেন যেহেতু মন্ত্রিপরিষদ বিভাগের নেতৃত্বে সিআরভিএস প্রকল্প চলমান রয়েছে, তাই এ প্রকল্পের আওতায় যে সকল জেলা রয়েছে সেগুলো লক্ষ্যমাত্রা অর্জনে যেন কোনভাবেই পিছিয়ে না থাকে। অতিসত্ত্বর একটি কার্যকর কর্মপরিকল্পনা তৈরী করে প্রকল্পের কার্যক্রম এগিয়ে নিতে হবে এবং লক্ষ্য পূরণ করতে হবে। | Bangladesh (Phase-V) শীর্ষক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত একটি কার্যকর কর্ম-পরিকল্পনা প্রণয়ন করতে হবে। | |

০৫। আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

(মোঃ মাহমুদুল হোসাইন খান)
সচিব
সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ
ও
সভাপতি
সিআরভিএস বাস্তবায়ন কমিটি।